

স্মারক নং- ৫২.০১.৪২৪০.০০০.০৫.০০৮.২০- ০৫

তারিখ: ০৭ মাঘ ১৪২৬
২১ জানুয়ারি ২০২০


শুমারিকর্মী (তালিকাকারী ও সুপারভাইজার) নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন এ খানাতালিকা প্রণয়নে 'তালিকাকারী ও সুপারভাইজার' পদে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ঝালকাঠি সদর উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার নারী/পুরুষ এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে পূরণকৃত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানি ও প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষতা থাকতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী	প্রকল্পের ডিপিপি অনুযায়ী সম্মানি ও প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন	১) ন্যূনতম এইচএসসি বা সমমানের পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন চালনায় দক্ষতা থাকতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। ৪) স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৫) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণসাপেক্ষে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- নির্ধারিত আবেদন ফরম উপজেলা পরিসংখ্যান অফিস, ঝালকাঠি সদর, ঝালকাঠি থেকে সংগ্রহ করা যাবে এবং উক্ত অফিসের ওয়েবসাইট (www.bbs.sadar.jhalakathi.gov.bd) থেকেও ডাউনলোড করা যাবে। এছাড়া, জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (www.bbs.jhalakathi.gov.bd) থেকেও আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমের সময় মোট ১০ (দশ) দিন। প্রতি তালিকাকারী উক্ত ১০ (দশ) দিনে কম-বেশি ৪০০ (চারশত) খানার তালিকা করবেন।
- লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- কেবলমাত্র বেকার যুবক/যুবতীরা শুমারিকর্মী হিসেবে আবেদন করতে পারবেন। চাকরিরত কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- লিস্টিং অপারেশন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিস্টিং অপারেশনে তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পেতে পারেন।
- সকল পদের দরখাস্তের খামের উপর ডানপার্শ্বে পদের নাম, নিজ ইউনিয়ন এবং মৌজা/মহল্লা নাম উল্লেখপূর্বক আগামী ৩০/০১/২০২০খি. তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, ঝালকাঠি সদর এর নির্দিষ্ট বাক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন (শুক্র ও শনিবারসহ) সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- নির্দিষ্ট তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনপত্র দাখিলকারীগণের বাছাই পরীক্ষা নিম্নোক্ত তারিখে সকাল ৯:০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ঝালকাঠি সদর, ঝালকাঠি -এ অনুষ্ঠিত হবে।
- বাছাই পরীক্ষার তারিখ: গাভারামচন্দ্রপুর, বিনয়কাঠি, নবগ্রাম, কৃষ্টিপাশা ও কেওড়া ইউনিয়ন : ০৪.০২.২০২০ খি. তারিখ
শেখেরহাট, গাবখান খানসিড়ি, বাসন্ডা, নখুল্লাবাদ ও পোনাবালিয়া ইউনিয়ন : ০৫.০২.২০২০ খি. তারিখ
এবং ঝালকাঠি পৌরসভা : ০৬.০২.২০২০ খি. তারিখ
- লিস্টিং অপারেশনের জন্য নির্বাচিতদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।
- শুমারিকর্মী নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


মোসাঃ আনিয়া ফেরদৌস

উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
শুমারিকর্মী নির্বাচন কমিটি
ঝালকাঠি সদর, ঝালকাঠি।